

# খুবির শিক্ষার্থীদের 'মারধর', প্রতিবাদে সড়কে বিক্ষোভ

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ১৮ ফেব্রুয়ারী ২০২৪



খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) তিন শিক্ষার্থীকে মারধরের প্রতিবাদে খুলনা নগরীর জিরো পয়েন্ট মোড় অবরোধ করেছে শিক্ষার্থীরা।

রোববার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রায় দুই ঘণ্টা জিরো পয়েন্ট মোড়ে সড়ক অবরোধ করে রাখে শিক্ষার্থীরা।

পরে পুলিশ দুই পরিবহন শ্রমিককে আটক করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিলে শিক্ষার্থীরা দুই ঘণ্টা পর অবরোধ তুলে নেয়।

আহত তিন শিক্ষার্থীকে খুলনা বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রে ভর্তি করা হয়েছে।

খুলনা মেট্রোপলিটন পুলিশের সোনাডাঙ্গা জোনের সহকারী পুলিশ কমিশনার আবু নাসের বলেন, “সকালে জেলার পাইকগাছা উপজেলা থেকে খুলনা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের এক শিক্ষার্থী তার মা ও বোনকে নিয়ে খুলনায় যাচ্ছিলেন। পথে বাসচালকের সহকারী ও সুপারভাইজারের সঙ্গে ওই শিক্ষার্থীর কথা কাটাকাটি হয়।

“এ কথা ছেলেটি তার সহপাঠীদের জানালে বিশ্ববিদ্যালয় থেকে কয়েকজন শিক্ষার্থী জিরো পয়েন্ট এলাকায় অবস্থান নেয়। পরে বাসটি জিরো পয়েন্টে পৌঁছালে শিক্ষার্থীরা বাস চালকের সহকারী ও সুপারভাইজারের সঙ্গে কথা বলতে গেলে অন্য শ্রমিকেরা গিয়ে তাদের মারধর করে। এ খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে কয়েকশ শিক্ষার্থী জিরো পয়েন্ট এলাকায় অবস্থান নিয়ে চারটি সড়কের প্রবেশমুখ বন্ধ করে দেয়।”

এ সময় জনগণের ভোগান্তির বিষয়টি মাথায় রেখে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও শিক্ষক ও পুলিশ কর্মকর্তারা শিক্ষার্থীদের সড়ক ছেড়ে দেওয়ার অনুরোধ করেন। এর প্রেক্ষিতে বেলা ১২টার দিকে তারা সড়ক থেকে সরতে রাজি হয় বলে পুলিশের এ কর্মকর্তা জানান।

আবু নাসের বলেন, “আটক দুই পরিবহন শ্রমিককে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিশ্চিত করেছে, ওই দুজনই তাদের মারধর করেছিল।”

এ ঘটনায় অভিযোগ দায়ের হয়েছে কি-না জানতে চাইলে এ পুলিশ কর্মকর্তা বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন অভিযোগ দিলে আটক দুজনের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।